

# শিক্ষার্থীদের দাবির মুখে জাবিতে সব পোষ্য কোটা বাতিল

জাবি প্রতিনিধি

০৬ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক  
**আমাদের সময়**



শিক্ষার্থীদের তীব্র দাবির মুখে জাহাঙ্গীনগর বিশ^বিদ্যালয়ে (জাবি) সব ধরনের পোষ্য কোটা বাতিলের সিদ্ধান্ত নিয়েছে বিশ^বিদ্যালয় প্রশাসন। গত মঙ্গলবার রাত সোয়া ১২টায় এক জরুরি সভা শেষে বিশ^বিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক কামরুল আহসান এ ঘোষণা দেন। এর আগে শিক্ষার্থীদের গণ-অনশনের পর সোমবার রাতে পোষ্য কোটা সংস্কার করে ৪০ জনে কমিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছিল প্রশাসন। প্রতিবাদে মঙ্গলবার দুপুরে কর্মবিরতি ঘোষণা করে কর্মকর্তা-কর্মচারীরা। পরে রেজিস্ট্রার ভবনের সামনে শিক্ষার্থীদের সঙ্গে বাগবিতণ্ডা হয় তাদের। এক পর্যায়ে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা পোষ্য কোটা সম্পূর্ণ বাতিলের দাবিতে প্রশাসনিক ভবনে তালা মেরে কর্মকর্তা-কর্মচারীদের অবরোধ করে রাখেন। পরে বিকাল ৫টা থেকে রাত ১২টা পর্যন্ত জরুরি প্রশাসনিক সভা শেষে উপাচার্য পোষ্য কোটা বাতিলের ঘোষণা দেন।

এ বিষয়ে উপাচার্য বলেন, শিক্ষার্থীদের দাবি বিবেচনায় বিশ^বিদ্যালয়ের সব অংশীজনের সঙ্গে আমরা জরুরি আলোচনায় বসি। সবার পরামর্শে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির জরুরি সভায় পোষ্য কোটা বাতিল করা হয়েছে।